



ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ
বায়তুল মুকাররম, ঢাকা-১২০৭

স্মারক: ১৯৭/ইস: স/২(১১১)/২০০১/৫৬৪(১০)

তারিখ: ২৮-৪-২০০২

বিষয়ঃ মিসরের আল-আযহার প্রদত্ত ২০০২-২০০৩ শিক্ষাবর্ষের বৃত্তির জন্য আবেদন প্রসঙ্গে।

মিসরের আল-আযহার বিশ্ববিদ্যালয় ও আল-আযহার ইনস্টিটিউটে শিক্ষাবৃত্তির জন্য নিম্নের বর্ণিত শর্তে অগ্রাধী বাংলাদেশী নাগরিকদের (ছাত্র) নিকট থেকে পৃথক পৃথকভাবে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

শর্তাবলী :

- (ক) প্রার্থীকে অবশ্যই দুসলমান এবং বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- (খ) আল-আযহার বিশ্ববিদ্যালয়ের আডার গ্রাজুয়েট স্তরের/ইনস্টিটিউট-এর জন্য প্রার্থীর এইচএসসি বা সমমানের যোগ্যতা অথবা আশিম পাস হতে হবে।
- (গ) আল-আযহার বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট স্তরের (উচ্চতর) জন্য প্রার্থীর যোগ্যতা বিএ/বিএসসি অথবা সমমান অথবা ফাজিল সাধারণ/বিজ্ঞান পাস হতে হবে।
- (ঘ) সর্বক্ষেত্রে প্রার্থীর আরবী পড়া, লেখা ও কথা বলার যোগ্যতা অবশ্যই থাকতে হবে।
- (ঙ) আল-আযহার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক কোন প্রতিষ্ঠান বাংলাদেশে অনুমোদন পেয়ে থাকলে তার প্রমাণপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং সমমানের পর্যায় উল্লেখ করতে হবে।
- (চ) ২০০১ খ্রিষ্টাব্দের অক্টোবর মাসের পূর্বে যাদের এইচএসসি, বিএ, বিএসসি, আশিম, ফাজিল বা সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে কেবল মাত্র তারাই আবেদন করতে পারবেন। তবে শর্ত থাকে যে, বয়স ২০ বছরের উর্ধ্বে হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।
- (ছ) পূর্বে যারা মিসরের বৃত্তির জন্য রেজিস্টারভুক্ত হয়েছেন অথবা চেষ্টা করে বার্ষিক হয়েছেন তারা ২০০২-২০০৩ শিক্ষাবর্ষের বৃত্তির জন্য আবেদন করতে পারবেন না।
- (জ) মিসরের ভিতরে এবং বাইরে অন্য বৃত্তির জন্য কোন প্রার্থী রেজিস্টারভুক্ত হয়ে থাকলে তিনিও এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন না।
- (ঝ) প্রার্থীর পরিবার অবশ্যই বাংলাদেশে অবস্থানকারী হতে হবে।
- (ঞ) যোগ্যিত নির্বাচনের ফলাফল যেনে নিচে সকল প্রার্থী বাধ্য থাকবেন।
- (ট) নির্বাচিত প্রার্থীদের পুনরায় ঢাকায় মিসর দূতাবাসের সাথে প্রয়োজনীয় কাগজপত্রসহ যোগাযোগ করতে হবে।
- (ঠ) আবেদনপত্রে 'আল-আযহার বিশ্ববিদ্যালয় ২০০২-২০০৩ শিক্ষাবর্ষের বৃত্তির জন্য আবেদন' অথবা 'আল-আযহার ইনস্টিটিউট ২০০২-২০০৩ শিক্ষাবর্ষের বৃত্তির জন্য আবেদন' এ কথা উল্লেখ করতে হবে। একই প্রার্থী দুটি বিষয়ে আবেদন করতে পারবেন না।
- (ড) প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। পোলিও, এইডস, সংক্রামক ব্যাধি, হেপাটাইটিস-সি মুক্ত হতে হবে।
- (ঢ) আবেদনকারীর নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, টেলিফোন নম্বর (যদি থাকে) সম্বলিত হস্তাক্ষরিত দরখাস্ত আপাতী ১৪-৫-২০০২ খ্রিঃ তারিখ বিকাল ৪টার মধ্যে পরিচালক, দীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, বায়তুল মুকাররম, ঢাকা-১০০০ এই ঠিকানায় পৌছাতে হবে। দরখাস্তের সাথে সদা তোলা চার কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র, চারিত্রিক সনদপত্র, বাংলাদেশের নাগরিকত্বের সনদপত্র, বয়স প্রমাণের সনদপত্র ইংরেজীতে টাইপ করা দুইখানা জীবনবৃত্তান্ত সংযোজন করতে হবে। ক্রটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- (ন) আল-আযহার বিশ্ববিদ্যালয়ের জন্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচন পরীক্ষা আগামী ১৫-৫-২০০২ খ্রিঃ তারিখ সকাল ৯-৩০টায় এবং আল-আযহার ইনস্টিটিউটের জন্য নির্বাচন পরীক্ষা আগামী ১৬-৫-২০০২ তারিখ সকাল ৯-৩০টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদের ইমাম সাহেবের কামদায় অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময় মূল সনদপত্র অবশ্যই দেখাতে হবে।
- (ত) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই আবেদনপত্র বাতিল এবং নির্বাচন পরীক্ষার তারিখ পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। সাক্ষাৎকারের জন্য কোর্টিং/ডিএ, প্রদান করা হবে না।

মুহাম্মদ সিরাজুল হক
পরিচালক

ডিএফপি- ১০৯২২-২/৫
জি-২২১৯/০২ (১০' X ২)

দীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগ
ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ।